গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৭**
**সরকারি পরিবহন পুল ভবন**
**সচিবালয় লিংক রোড, ঢাকা।**
ইমেইল:section7@lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.০৭৬.৮০-১৪০

তারিখ: ০৯ ভাদ্র ১৪৩৩ / ২৪ আগস্ট ২০২৬

**বিষয় : শেরপুর জেলার শ্রীবরদী উপজেলার ০৯ নং কুড়িকাহনিয়া ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ কামরুজ্জামান এর নামীয় নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, শেরপুর জেলার শ্রীবরদী উপজেলার ০৯ নং কুড়িকাহনিয়া ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ কামরুজ্জামান অভিযোগকারীর সাথে মোঃ লিখন মিয়ার প্রথম বিবাহ বিদ্যমান থাকার তথ্য জেনেও সালিসী পরিষদের লিখিত পূর্বানুমতির প্রত্যয়নপত্র পরীক্ষা ছাড়াই দ্বিতীয় বিবাহ নিবন্ধন করে মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশ, ১৯৬১ এর ধারা ৬(১) এর বিধান লঙ্ঘন করার বিষয়টি তদন্তে প্রমাণিত হওয়ায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১(১) অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় এবং এ প্রসঙ্গে বিধি ১১(২) অনুযায়ী তাঁকে কারণ দর্শানোর জন্য পত্র প্রেরণ করা হলেও তিনি কারণ দর্শানোর কোন জবাব দাখিল না করায় মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১(৪) অনুযায়ী তাঁর নামীয় গত ০৯/০৫/২০১২ খ্রি. তারিখের বিচার ৭/২ এন ৭৬/৮০- ৩৬১ নং স্মারকযুক্ত নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

(খ) একইসাথে অধিক্ষেত্রটি শূন্য ঘোষণাপূর্বক শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ কামরুজ্জামান এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, শেরপুর-কে নির্দেশ প্রদান করা হলো। বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এ বর্ণিত ৬ বিধি অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার/সাব-রেজিস্ট্রারকে অবহিত করা হলো।

স্বাঃ/-
**(মোঃ আবদুল ওয়াহাব)**
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৮৫৪৫৮

**প্রাপক**
জেলা রেজিস্ট্রার,
শেরপুর।

নম্বর: ১০.০০.০০০০.১৩১.১১.০৭৬.৮০-

তারিখ : ০৯ ভাদ্র ১৪৩৩ / ২৪ আগস্ট ২০২৬

বিতরণ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৫. উপজেলা নির্বাহী কর্মকর্তা, শ্রীবরদী, শেরপুর।
৬. ম্যানেজার, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, ময়মনসিংহ।
৭. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সহকারী প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (অনলাইন ডাটাবেজ হালনাগাদের অনুরোধসহ)।
৯. সাব-রেজিস্ট্রার, শ্রীবরদী, শেরপুর।
১০. অফিসার ইনচার্জ, শ্রীবরদী থানা, শেরপুর।
১১. চেয়ারম্যান, ০৯ নং কুড়িকাহনিয়া ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী, শেরপুর।
১২. জনাব মোঃ কামরুজ্জামান (সাবেক নিকাহ্ রেজিস্ট্রার, ০৯ নং কুড়িকাহনিয়া ইউনিয়ন),
পিতা- মৃত কাজী মাওলানা মোফাজ্জল হক
গ্রাম-কুরুয়া, ডাকঘর-করুয়া, উপজেলা-শ্রীবরদী, জেলা-শেরপুর।
১৩. অফিস কপি/গার্ড ফাইল।

২৪/০৮/২০২৬
(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব